# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বিআরপিডি সার্কুলার লেটার নং-২১

২৯ বৈশাখ ১৪৩১
তারিখ: -------------------
১২ মে ২০২৪

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ ও
প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদ ও সহায়ক কমিটি গঠন এবং উহাদের কার্যপরিধি প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত সার্কুলারের মাধ্যমে ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদ গঠন ও পর্ষদ সদস্যদের সমন্বয়ে নির্বাহী কমিটি, অডিট কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন এবং তাদের দায়িত্ব-কর্তব্যসহ প্রযোজ্য অপরাপর বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এ উপরিউক্ত কমিটিসমূহ ব্যতীত অন্য কোনো কমিটি গঠনের বিধান না থাকায় উক্ত সার্কুলারের মাধ্যমে উল্লিখিত তিনটি কমিটি ব্যতীত অন্য কোনো স্থায়ী বা অস্থায়ী কমিটি বা সাব-কমিটি গঠন না করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

৩। প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারিকৃত Corporate Governance Code-2018 (২০২৩ পর্যন্ত সংশোধিত) এবং তদপরবর্তীতে জারিকৃত নির্দেশনা পুঁজি বাজারে নিবন্ধিত কোম্পানীসমূহের জন্য অনুসরণীয় হয়ে থাকে। উক্ত Corporate Governance Code এ Nomination and Remuneration Committee (NRC) গঠন ও এর কার্যপরিধির বিষয়ে উল্লেখ রয়েছে। এখন, ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর আওতায় সংশ্লিষ্ট তিনটি কমিটি ব্যতীত স্থায়ী বা অস্থায়ী কমিটি বা সাব-কমিটি গঠন করার সুযোগ না থাকায় NRC সংশ্লিষ্ট কার্যক্রম (Corporate Governance Code-2018 এ বর্ণিত) ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদ কর্তৃক গঠিত অডিট কমিটির উপর ন্যস্ত করা হলো। এক্ষেত্রে অডিট কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত পরবর্তী পর্ষদ সভায় অনুসমর্থন (Ratification) করে নিতে হবে। তবে, ব্যাংক-কোম্পানীর পরিচালক, স্বতন্ত্র পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা ও তদনিম্ন দু'স্তর পর্যন্ত কর্মকর্তাদের নিযুক্তি/নিয়োগ, দায়িত্ব-কর্তব্য, সম্মানী, প্রযোজ্য ক্ষেত্রে বেতন-ভাতা, উৎসাহ বোনাস ও অন্যান্য সুবিধা সংশ্লিষ্ট কার্যক্রম বিআরপিডি সার্কুলার নং-০২ তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২৪, বিআরপিডি সার্কুলার নং-০৩ তারিখ: ১৪ ফেব্রুয়ারি ২০২৪, বিআরপিডি সার্কুলার নং-০৫ তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২৪ এবং এতদ্‌বিষয়ে পরবর্তীতে জারিতব্য সার্কুলার/সার্কুলার লেটার অনুযায়ী পরিচালিত হবে।

৪। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০০৯৫